দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG 1 8 1999
পৃঃ ১৬ কলাম ৪

30

## মাদ্রাসা শিক্ষা সম্পর্কে অপপ্রচার চালানো হইতেছে

ইত্তেফাক রিপোর্ট ॥ মাদ্রাসা শিক্ষক সমিতি গতকাল (মঙ্গলবার) এক সাংবাদিক সম্মেলনে মাদ্রাসা শিক্ষা সম্পর্কে অপপ্রচার বন্ধ করার আহবান জানাইয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হইয়াছে, মাওলানা এম এ মান্নানের নেতৃত্বে একটি গ্রুপ মাদ্রাসা বন্ধ করিয়া দেওয়া হইয়াছে বলিয়া অপপ্রচার চালাইতেছে। কার্যতঃ কোন মাদ্রাসা বন্ধ করা হয় নাই।

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## মাদ্রাসা শিক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

সাংবাদিক সম্মেলনে মাদ্রাসা শিক্ষার সংকট নিরসনের লক্ষ্যে আলোচনার পরিবেশ সৃষ্টির জন্য সরকারের প্রতি আহবান জানান হইয়াছে। শিক্ষক সমিতির সভাপতি মাওলানা একেএম নূরুল ইসলাম সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। মোঃ সুলতান মিয়া, মোল্লা সাইদুর রহমান, ইউসুফ আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, ১৯৭৫ সালে বঙ্গবন্ধু ও তাঁহার পরিবারবর্গের নির্মম হত্যাকান্ডের পর স্বাধীনতার বিপক্ষ শক্তিসমূহ শক্তিশালী হইয়া উঠে। তাহারা মাঠে-ময়দানে সভা-সমাবেশ করিয়া দেশের সরলপ্রাণ মাদ্রাসা শিক্ষকদেরকে পত্রিকার মালিকানার লোভ দেখাইয়া বিভিন্নমুখী চাঁদার নামে অবৈধ অর্থ উপার্জন করিয়া চলিয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, মাদ্রাসা শিক্ষকদের অর্থে প্রতিষ্ঠিত হয় দৈনিক ইনকিলাব, মহাখালিস্থ জমিয়াতুল মোদারেসীন কমপ্লেক্স ও ইনকিলাব ভবন। কিন্তু মাওলানা মান্নান ষড়যন্ত্রের মাধ্যমে ইনকিলাবসহ অন্যান্য প্রতিষ্ঠানকে ব্যক্তি মালিকানায় নিয়াছেন। এই ব্যাপারে সকলকে সজাগ থাকার জন্য সাংবাদিক সম্মেলনে আহ্বান জানান হইয়াছে।